


MY PLANET NOW

# ফিল্মিংয়ের গাইড

Sandpaper Films

# বিষয়বস্তু


| | |
|---|---|
| ফি্লমের বিবরণ | 3 |
| প্র্যাকটিক্যাল ফিল্মিং টিপস | 4 |
| নিজের স্টোরি কীভাবে বলবেন | 5 |
| কী ফিল্ম করবেন | 6 |
| অন্যান্য লোকজনের সাথে ফিল্মিং | 7 |
| আপনার ফুটেজ আপলোড করা | 8 |
| নিরাপদ থাকা | 9 |
| যোগাযোগ করুন | 18 |






# ফিল্মের বিবরণ

MY PLANET NOW হলো জলবায়ু সংকটের মোকাবিলাতে সমগ্র বিশ্বকে একজোট করার ব্যাপারে একটি নতুন অধ্যায় তৈরি এবং প্রচেষ্টা বাস্তবায়ন করতে উদ্যোগী একটি সিনেম্যাটিক ফিডার ডকুমেন্টারি।

সমগ্র বিশ্বে বসবাস করা সাধারণ নাগরিকদেরকে এই গ্রহের সাথে নিজেদের সম্পর্কের ব্যক্তিগত কাহিনী এবং জলবায়ু পরিবর্তনের অভিজ্ঞতা স্মার্টফোনের মাধ্যমে ক্যামেরাবন্দী করে শেয়ার করার জন্য আহ্বান জানানোর মাধ্যমে এক অনন্য মানব কেন্দ্রীক উপায়ে জলবায়ু সংকটের কাহিনী তুলে ধরা হবে এই ফিল্মে।

# প্র্যাকটিক্যাল ফিল্মিং টিপস



ল্যান্ডস্কেপ মোডে ফিল্ম করুন



রেকর্ড প্রেস করতে ভুলবেন না।



নিজেই নিজের স্মার্টফোন ধরুন - বা একটি সেলফি স্টিক ব্যবহার করুন। তবে সব সময় আপনার চারপাশে কোনো ঝুঁকি বা বিপদের ব্যাপারে সচেতন থাকুন এবং ফিল্মিং করতে গিয়ে নিজের সুরক্ষার সাথে আপোশ করবেন না।



আপনি যদি কথা বলেন – আপনার কথা কি শোনা যাচ্ছে? বাতাস এবং অন্যান্য ব্যাকগ্রাউন্ড শব্দের ব্যাপারে সাবধান থাকুন।



আপনি যা দেখছেন তা আমাদের দেখান। তবে অনুগ্রহ করে আপনি কী দেখছেন এবং কোথায় রয়েছেন তা দেখাতে অতিরিক্ত ফুটেজ রেকর্ড করুন।



# নিজের স্টোরি কীভাবে বলবেন

## মন থেকে বলুন

কোনো টিভি সঞ্চালকের মতো কথা বলা বা বক্তৃতা দেওয়ার বদলে বরং - কল্পনা করুন যে আপনি কোনো বন্ধুর সাথে কথা বলছেন।

## আপনার সাথে আমাদের নিয়ে চলুন

পৃথিবীর প্রতি আপনার কতটা ভালোবাসা রয়েছে এবং জলবায়ু পরিবর্তনের ব্যাপারে আপনার চিন্তাভাবনা আমরা জানতে চাই, তবে আপনার পৃথিবীটাকেও আমরা দেখতে চাই। সুতরাং আপনি যখন বাইরের দিকে যাচ্ছেন, তখন নিজের ফোনটি কাছে রাখুন এবং নিজেকে ও তার চারপাশ ফিল্মবন্দী করুন।



# কী ফিল্ম করবেন

ব্যক্তিগতভাবে জলবায়ু পরিবর্তন মানে আপনার কাছে কী, সেটা ফিল্ম করুন এবং শেয়ার করুন।

আপনার কাছে যেটা সঠিক মনে হয়, সেই অনুযায়ী নিজের কাহিনী শেয়ার করা গুরুত্বপূর্ণ। সুতরাং এই পরামর্শগুলি শুনে ঘাবড়াবেন না। তবে যখন ফিল্মিং করবেন, তখন নিম্নোক্তগুলি আপনাকে সাহায্য করতে পারে:

- আপনার পরিচয় দিন
- আপনার চারপাশ দেখান - আপনি কোথায় বসবাস করেন, আপনার প্রিয় জায়গা, আপনার প্রিয় লোকজন
- আপনার এবং আপনার প্রিয় লোকজনদের জীবনে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিশদে শেয়ার করুন
- জলবায়ুর ক্রমাগত বদলাতে থাকার ব্যাপারে আপনি কী মনে করেন জানান? ভবিষ্যতের জন্য আপনার আশা এবং/অথবা কী ভয় রয়েছে?
- আপনি যদি কোনো পদক্ষেপ গ্রহণ করেন – তাহলে আমাদের দেখান যে আপনি কীভাবে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াচ্ছেন বা মোকাবিলা করছেন। পদক্ষেপ নেওয়ার ব্যাপারে আপনার চিন্তাভাবনা আমাদের জানান।

# অন্যান্য লোকজনের সাথে ফিল্মিং

আপনার ফুটেজে বা ক্যামেরার সামনে যে লোকেরা কথা বলবেন, তাদের কাছ থেকে ফিল্ম করার অনুমতি নেওয়া গুরুত্বপূর্ণ।

**অন্যান্য লোকজনের সাথে ফিল্ম করার আগে:**
তাদের জিজ্ঞাসা করুন যে MY PLANET NOW-এর জন্য ফিল্ম করার ব্যাপারে তারা খুশি কি না।

যদি তারা খুশি হন, তাহলে তাদেরকে বলুন MY PLANET NOW-এর জন্য তাদেরকে যে ফিল্ম করা হচ্ছে, ক্যামেরার সামনে সেটি নিশ্চিত করতে। অনুগ্রহ করে তাদের নাম জিজ্ঞাসা করুন এবং সেটি বানান করে বলতে বলুন এবং তাদের ফোন নম্বর বা ইমেইল ঠিকানা দিতে বলুন।

**ব্যাকগ্রাউন্ডে থাকা লোকজন:**
সাধারণত ব্যাকগ্রাউন্ডে যে সমস্ত লোকজন আছেন, তাদের কাছ থেকে অনুমতি নেওয়ার প্রয়োজন নেই।

**শিশু/অনুর্ধ্ব 18 বছর বয়সী:**
আপনি যদি এমন কাউকে ফিল্মিং করেন যার বয়স অনুর্ধ্ব 18 বা আপনার দেশের আইন অনুযায়ী সে যদি প্রাপ্তবয়স্ক না হয়, তাহলে তাদের বাবা-মা বা অভিভাবকের কাছ থেকে ক্যামেরাতে অনুমতি এবং তাদের যোগাযোগের বিস্তারিত নিতে হবে।

**অন্য কারোর সম্পত্তিতে ফিল্ম করা:**
আপনি যদি অন্য কারোর সম্পত্তিতে ফিল্ম করেন, তাহলে তাদের অনুমতি নিতে হবে এবং তাদের যোগাযোগের বিস্তারিত নিন



# নিরাপদ থাকা



# নিরাপত্তার ব্যাপারে সাধারণ নির্দেশাবলী

**আমরা একদিকে যেমন আপনার কাহিনী শুনতে চাই এবং প্রাত্যহিক জীবনে জলবায়ু পরিবর্তন কীভাবে আপনাদের উপর প্রভাব ফেলেছে তা দেখতে চাই, তেমনি অন্যদিকে আমাদের মূল উদ্দেশ্য হলো যে ফিল্ম করার জন্য আপনি যেন নিজের সুরক্ষা বা অন্য লোকজনের সুরক্ষাকে ঝুঁকির মুখে না ফেলেন।**

**আপনি যদি ঝুঁকিপূর্ণ কোনো পরিবেশের মধ্যে না থাকেন, তাহলে ঝুঁকি তৈরি করবেন না। আপনার পরিস্থিতি যদি অনিবার্যভাবে ঝুঁকিপূর্ণ হয়, তাহলে ফিল্ম করার জন্য অতিরিক্ত, অপ্রয়োজনীয় ঝুঁকি নেবেন না।**

অনুগ্রহ করে মনে রাখবেন, মনযোগ সহকারে সাধারণ সুরক্ষা নীতি এবং আপনার ব্যক্তিগত পরিস্থিতিতে প্রাসঙ্গিক হতে পারে, এমন কোনো নির্দেশাবলী থাকলে তা পড়ে নেওয়া এবং সেগুলি কীভাবে আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় তা আপনি বুঝেছেন নিশ্চিত করা আপনার দায়িত্ব।

# সুরক্ষা সংক্রান্ত সাধারণ নীতি

— ফিল্ম করার জন্য অপ্রয়োজনীয় ঝুঁকি নিয়ে আপনার সুরক্ষা বা কল্যাণকে - বা অন্যান্য লোকজনের সুরক্ষাকে ঝুঁকির মুখে ফেলবেন না

— আপনার দেশ বা অঞ্চলে প্রযোজ্য কোভিড সংক্রান্ত আইন এবং নির্দেশিকা সব সময় মেনে চলুন এবং কোভিড-19 সহ অন্যান্য রোগ ছড়াতে পারে, এমন কোনো ঝুঁকি নেবেন না

— নিজে গাড়ি চালানোর সময় অথবা গাড়িতে কোনো কাজ করার সময় ফিল্ম করবেন না

— সব সময় নিজের চারপাশের ব্যাপারে ওয়াকিবহাল থাকুন এবং ক্যামেরার সামনে গিয়ে নিরাপত্তার বিষয়টি ভুলে যাবেন না (যেমন আমরা চাই না আপনি কোনো গাড়ির সামনে যান বা হাঁটুন)। আপনি ফিল্ম করার সময় আশেপাশে যদি কোনো প্রাণী থাকে তাহলে অনুগ্রহ করে সমস্ত প্রযোজ্য সতর্কতা অবলম্বন করুন

— স্ট্যান্ডার্ড প্র্যাকটিস হিসাবে আমরা সবাইকে বলি: কোনো অপরাধমূলক কাজকর্মে নিজেকে যুক্ত রাখার - বা আলোচনা করার দৃশ্য ফিল্ম করবেন না। এছাড়া আমরা চাই আপনি নিষিদ্ধ পদার্থ সেবনের পর যেন নিজেকে ফিল্ম না করেন

**নির্দেশাবলীর ব্যাপারে আপনার কোনো প্রশ্ন থাকলে নত্মু গ্র হ করে ফিল্ম শুরু করার আগে আমাদরে সাথে যোগাযোগ করুন। ন্য দশ লীর তোপোদর আপ ার ক পরতশ্ত াকদল অ ্গরত কদর নলিতম শুরু করার আদগ আমা দর সা দ েগাে গ করু ।**

# জলবায়ু এবং পরিবেশ সংক্রান্ত ঝুঁকির ব্যাপারে নির্দেশিকা

আপনার ব্যক্তিগত পরিস্থিতিতে নিম্নোক্তটি প্রযোজ্য হতে পারে, নাও হতে পারে

**অনুগ্রহ করে সম্পূর্ণ নির্দেশিকা পড়ুন, যা আপনার পরিস্থিতিতে প্রযোজ্য হতে পারে।**

উপরে যেমনটা উল্লেখ করা হয়েছে, আমরা একদিকে যেমন আপনার কাহিনী শুনতে চাই এবং প্রাত্যহিক জীবনে জলবায়ু পরিবর্তন কীভাবে আপনাদের উপর প্রভাব ফেলেছে তা দেখতে চাই, তেমনি অন্যদিকে আমাদের মূল উদ্দেশ্য হলো যে ফিল্ম করার জন্য আপনি যেন নিজের সুরক্ষা বা অন্য লোকজনের সুরক্ষাকে ঝুঁকির মুখে না ফেলেন। আপনি যদি ঝুঁকিপূর্ণ কোনো পরিবেশের মধ্যে না থাকেন, তাহলে ঝুঁকি তৈরি করবেন না। আপনার পরিস্থিতি যদি অনিবার্যভাবে ঝুঁকিপূর্ণ হয়, তাহলে ফিল্ম করার জন্য অতিরিক্ত, অপ্রয়োজনীয় ঝুঁকি নেবেন না।

আমরা জানি যে নিম্নোক্ত গাইডেন্স হয়তো আপনার পরিস্থিতি এবং আপনার কাছে উপলভ্য বিকল্পগুলির ক্ষেত্রে সব সময় প্রযোজ্য হবে না - এবং আমরা তার জন্য ক্ষমা চাইছি - তবে যুক্তরাজ্যের আইন অনুযায়ী আমাদেরকে এই তথ্য এবং পরামর্শ আপনার সাথে শেয়ার করতে হবে।

# বন্যা

বন্যার (বা সম্ভাব্য বন্যার) ক্ষেত্রে আপনি যে সকল সাবধানতা অবলম্বন করতেন সেগুলোই অবলম্বন করুন এবং অফিশিয়াল কর্তৃপক্ষের নিম্নোক্ত নির্দেশিকা বাদ দিয়ে ফিল্মিংকে প্রাধান্য দেবেন না।

যুক্তরাজ্যের আইন অনুযায়ী আপনার সাথে আমরা এই পরামর্শ শেয়ার করব, তবে আপনাকে বুঝতে হবে যে বন্যার পানি থেকে বাঁচার জন্য হয়তো সব সময় একটি সুরক্ষিত জায়গা পাওয়া যাবে না। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমাদের মূল চিন্তা হলো বন্যার দৃশ্য ফিল্ম করার জন্য আপনি যে ঝুঁকির মুখে পড়েন, তা যেন আর না বেড়ে যায়।

**সব সময়:**

— যদি সম্ভব হয়, হালনাগাদ তথ্যের জন্য আবহাওয়া এবং বন্যা সংক্রান্ত সতর্কতায় নজর রাখুন।

**আপনার আশেপাশে যদি বন্যা হয় এবং আপনি যদি নিরাপদ জায়গায় চলে যেতে না পারেন:**

— যদি সম্ভব হয়, তাহলে আপনার আশেপাশে হঠাৎ করে বন্যা হলে তৎক্ষণাৎ আশ্রয় খুঁজুন। (আপনি যদি বন্যার পানির কাছ থেকে সরে যেতে না পারেন, তাহলে অনুগ্রহ করে অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন - নিচে দেখুন)

— কেবলমাত্র একটি সুরক্ষিত জায়গা থেকে ফিল্ম করুন - এবং হাঁটবেন না, সাঁতার কাটবেন না, ড্রাইভ করবেন না বা অন্য কোনোভাবে, কোনো সময় বন্যার পানিতে প্রবেশ করবেন না

— বন্যার পানিতে ক্ষতিগ্রস্ত হওয়া বাঁধে/প্রান্তে দাঁড়িয়ে থাকবেন না

— খরস্রোতে বইতে থাকা পানির উপরে সেতু থেকে ফিল্মিংয়ের মতো বন্যার দৃশ্য ক্যামেরাবন্দী করতে অপ্রয়োজনীয় ঝুঁকি নেবেন না

**বন্যা যদি সরাসরি আপনার বাসা বা চারপাশের পরিবেশে প্রভাব ফেলে:**

— আপনি যদি বন্যার পানি থেকে সরে যেতে না পারেন, তাহলে আপনার চারপাশে কী ঘটছে তা দেখানোর জন্য ফিল্ম করতে হলে অতিরিক্ত সাবধানতা অবলম্বন করুন। আপনি কোথায় হাঁটছেন বা কীসের উপর হাঁটছেন/দাঁড়িয়ে রয়েছেন, তা দেখতে না পেলে ফিল্ম করবেন না

— আপনি যদি বন্যার পানিতে ডুবে যাচ্ছে এমন কোনো বিল্ডিংয়ে আটকে পড়েন, তাহলে সবচেয়ে উঁচুতে থাকা ফ্লোরে চলে যান। কেবলমাত্র প্রয়োজন হলে ছাদে যাবেন এবং সাহায্যের জন্য ইঙ্গিত প্রদর্শন করবেন। (বন্যার পানির মাধ্যমে বেরিয়ে যাওয়া ছাড়া বেরোনোর পথ নেই, এমন জায়গায় যাতে বন্দি না হয়ে পড়েন তার জন্য ছোটখাট, আবদ্ধ কোনো জায়গায় আশ্রয় নেবেন না)

— আপনার গাড়ি যদি বন্যার পানিতে আটকে পড়ে, তাহলে এটির মধ্যেই থাকুন, যদি না পানি আপনার গাড়িতে ঢুকে পরে। সেই পরিস্থিতিতে ছাদে উঠুন এবং উদ্ধারের জন্য বাইরে থাকা কারো মনযোগ আকর্ষণের চেষ্টা করুন

— খরস্রোতে বইতে থাকা পানির উপরে সেতু থেকে ফিল্মিংয়ের মতো বন্যার দৃশ্য ক্যামেরাবন্দী করতে অপ্রয়োজনীয় ঝুঁকি নেবেন না

**বন্যার পানির সংস্পর্শে আসা - বন্যার সময় বা তার পরে:**

— এটি যদি একটি বিকল্প না হয়, আপনি ব্যবহার করছেন এমন কিছু বন্যার পানিতে দেবেন না - বন্যার পানিতে মানুষ/প্রাণীর মল-মূত্র, ফার্টিলাইজার রানঅফ ইত্যাদির মতো বিভিন্ন বায়োলজিক্যাল এবং রাসায়নিক ক্ষতিকারক পদার্থ থাকতে পারে

— কোনো জায়গায় বন্যা সৃষ্টি হওয়ার পর বন্যপ্রাণী, মানুষ/প্রাণীর মল-মূত্র এবং আড়ালে থাকা ধ্বংসাবশেষের জন্য প্রস্তুত থাকুন

— এটি যদি বিকল্প না হয়, তাহলে বন্যার পানিতে থাকা কোনো জিনিসে হাত দেওয়ার সময় সর্বদা সুরক্ষামূলক পোশাক পরুন।

# দাবানল

সম্ভাব্য, বর্তমানে চলছে বা অতীতে হওয়া কোনো দাবানলের সময় আপনার অনুসরণ করা সমস্ত সাবধানতা অবলম্বন করুন এবং ফিল্ম করার জন্য কোনো ঝুঁকি নেবেন না এবং অফিশিয়াল কর্তৃপক্ষের নিম্নোক্ত নির্দেশিকা বাদ দিয়ে ফিল্মিংকে কখনো প্রাধান্য দেবেন না।

**সম্ভাব্য বা বর্তমানে চলছে এমন কোনো দাবানলের ক্ষেত্রে:**

— নিশ্চিত করুন যে আপনি নিজের জন্য নিরাপদ স্থানটি জানেন

— আগুন লাগার দৃশ্য ঝুঁকি নিয়ে ফিল্ম করবেন না। সাথে সাথে নিরাপদ কোনো জায়গায় চলে যান

— ধোঁয়ার দিকে যতটা কম সম্ভব যাবেন। যদি পারেন, তাহলে N95/ KN95 মাস্ক ব্যবহার করুন বা নিজের নাক ও মুখ ঢাকার জন্য একটি কাপড় ভিজিয়ে নিয়ে ব্যবহার করুন, যাতে ধোঁয়ার মধ্যে শ্বাস-প্রশ্বাস নিতে আপনার অসুবিধা না হয় এবং ছাই থেকে আপনি সুরক্ষিত থাকেন

— আপনি যদি আবদ্ধ হয়ে পড়েন - এবং এটি যদি একটা বিকল্প হয় - তাহলে জরুরি সেবায় কল করুন, আপনার লোকেশন জানান এবং উদ্ধারকর্মীরা যাতে আপনাকে খুঁজে পান তা নিশ্চিত করতে আলো জ্বালান।

**দাবানলের পর:**

— দাবানল/জঙ্গলে আগুন লাগার পর, কোনো লোকেশনে ফিরে যাবেন না, যদি না সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটি নিরাপদ না বলেন - এবং সেখানে গেলেও সতর্ক থাকবেন

— গরম ছাই, পুড়ে যাওয়া গাছ বা কাঠের অবকাঠামো, ঝুলে থাকা ধ্বংসাবশেষ এবং জ্বলন্ত আগুন এড়িয়ে চলুন

— যদি সম্ভব হয়, তাহলে সুরক্ষামূলক পোশাক পরুন এবং নাক ও মুখ ঢেকে রাখার জন্য মাস্ক/ফেস কভারিং ব্যবহার করুন

# ভূমিধ্বস

সম্ভাব্য, বর্তমানে চলছে বা অতীতে হওয়া কোনও ভূমিধ্বসের সময় আপনার অনুসরণ করা সমস্ত সাবধানতা অবলম্বন করুন এবং ফিল্ম করার জন্য ঝুঁকি নেবেন না।

সব সময় স্থানীয় সমস্ত অফিশিয়াল কর্তৃপক্ষের নির্দেশাবলী শুনুন এবং মেনে চলুন।

আপনি যদি এমন কোনো এলাকায় থাকেন, যেটি ধ্বস প্রবণ তাহলে:

- ভারী বৃষ্টিপাতের ব্যাপারে রেডিও বা টেলিভিশনে সতর্কতা শুনুন এবং মনে রাখবেন যে শক্তিশালী, স্বল্পক্ষণের বৃষ্টিপাত অত্যন্ত বিপজ্জনক হয়, বিশেষত দীর্ঘদিন ভারী বৃষ্টি এবং স্যাঁতস্যাঁতে আবহাওয়ার পরে
- আপনি যদি এমন কোনো এলাকায় থাকেন যা ভূমিধ্বস প্রবণ এবং নুড়ি-পাথর-মাটি যেখানে গড়িয়ে পড়ে, তাহলে সম্ভব হলে সেই স্থান পরিত্যাগ করুন
- মনে রাখবেন যে রাস্তার পাশ বরাবর যে সমস্ত বাঁধ থাকে, বিশেষত সেগুলি ভূমিধ্বস প্রবণ হয়। ক্ষতিগ্রস্ত ফুটপাথ, কাদামাটি, গড়িয়ে পড়া পাথর এবং অন্যান্য ইঙ্গিতের দিকে নজর রাখুন, যা ভূমিধ্বস ইঙ্গিত করে
- মনে রাখবেন যে ভূমিকম্পের ঝাঁকুনির ফলে ভূমিধ্বস হতে পারে বা এর তীব্রতা বাড়তে পারে

ভূমিধ্বসের ঘটনার ক্ষেত্রে:

- তৎক্ষণাৎ স্থান পরিত্যাগ করুন। আপনার জিনিসপত্র সংগ্রহ করার জন্য সময় নষ্ট করবেন না
- আপনি কোনো নিরাপদ জায়গায় না পৌঁছানো পর্যন্ত ফিল্ম করবেন না।

# হারিকেন / সাইক্লোন / টাইফুন / সুনামি / ঝড়

সম্ভাব্য, বর্তমানে চলছে বা অতীতে হওয়া কোনো হারিকেন/সাইক্লোন/টাইফুন/ঝড়ের সময় আপনার অনুসরণ করা সমস্ত সাবধানতা অবলম্বন করুন এবং ফিল্ম করার জন্য ঝুঁকি নেবেন না। বিশেষত সর্বদা সমস্ত অফিশিয়াল কর্তৃপক্ষের নির্দেশাবলী শুনুন এবং মেনে চলুন।

**হারিকেন/সাইক্লোন/টাইফুনের ঘটনার ক্ষেত্রে:**

- ঝড়/লোকেশন/সম্ভাব্য বন্যার ব্যাপারে হালনাদাগ তথ্যের জন্য আবহাওয়া সম্পর্কিত সতর্কতায় নজর রাখুন - এবং আপনার এলাকায় উদ্ধার করার এলাকা কি না জানুন
- যদি উদ্ধার করার নির্দেশ দেওয়া হয়, তাহলে কোনো প্রকার ফিল্মিংয়ের প্রয়োজনীয়তা নির্বিশেষে আপনাকে নির্দেশ মানতে হবে
- ঝড়ো হাওয়া থেকে বাঁচতে নির্ধারিত আশ্রয়স্থলে বা ভিতরের দিকে কোনো কক্ষে আশ্রয় নিন

**হারিকেন/সাইক্লোন/টাইফুনের পরে:**

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একটি অল-ক্লিয়ার নোটিশ না দিলে বা কমপক্ষে 1 ঘণ্টার জন্য কোনো বাতাসের শব্দ/প্রভাব শুনতে না পাওয়া/অনুভব না করা পর্যন্ত নিরাপদ আশ্রয় ছেড়ে বের হবেন না
- মনে রাখবেন যে ভবন এবং গাছ নড়বড়ে অবস্থায় থাকতে পারে

**সুনামির ক্ষেত্রে:**

- ঝড়/লোকেশন/সম্ভাব্য বন্যার ব্যাপারে হালনাদাগ তথ্যের জন্য আবহাওয়া সম্পর্কিত সতর্কতায় নজর রাখুন - এবং আপনার এলাকায় উদ্ধার করার এলাকা কি না জানুন
- যদি উদ্ধার করার নির্দেশ দেওয়া হয়, তাহলে কোনো প্রকার ফিল্মিংয়ের প্রয়োজনীয়তা নির্বিশেষে আপনাকে নির্দেশ মানতে হবে
- সতর্কতা জারি করা হলে আপনি যতটা সম্ভব অভ্যন্তরীণ উঁচু স্থানে চলে যাবেন
- এমনটা ঘটার সময় আপনি যদি নৌকায় থাকেন, তাহলে ঢেউয়ের দিকে মুখ করে যত দ্রুত সম্ভব সমুদ্রের দিকে রওনা দিন
- এমনটা ঘটার সময় আপনি যদি পানিতে থাকেন, তাহলে ভেসে থাকা যেকোনো কিছু ধরুন এবং ধরে রাখুন;

**সুনামির পরে:**

- মনে রাখবেন সুনামির পরের বন্যার জল বিপজ্জনক
- বাঁধ/প্রান্তে দাঁড়াবেন না যেটি বন্যার পানির চলাচলের কারণে বিপজ্জনক হয়ে উঠতে পারে

**অনুগ্রহ করে প্রাসঙ্গিক হলে বন্যার জন্য নির্দেশিকা অনুসরণ করুন (উপরে দেখুন)**

# হারিকেন / সাইক্লোন / টাইফুন / সুনামি / ঝড় অব্যাহত

বজ্রপাত, বিদ্যুত চমকানো এবং বৈদ্যুতিক বিপর্যয়ের ঘটনায়:

— 30-30 নিয়মটির কথা মনে রাখবেন! যদি বজ্রপাত এবং বজ্রপাতের মধ্যে মাত্র 30 সেকেন্ডের চেয়ে কম সময় থাকে তবে অবিলম্বে কোথাও আশ্রয় নিন। শেষ বজ্রপাতের 30 মিনিট অতিবাহিত না হওয়া পর্যন্ত আশ্রয়স্থল ত্যাগ করবেন না

— বৈদ্যুতিক আউটলেটের সাথে সংযুক্ত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করবেন না। যদি আশ্রয়স্থল থেকে হাতে থাকা ডিভাইসে ফিলমিং করা হয় (পছন্দের) তবে এটা নিশ্চিত করুন যে আপনার ডিভাইসটি জেনারেটর বা মূল বৈদ্যুতিক পাওয়ার সকেটে প্লাগ করা অবস্থায় নেই

— যদি আপনি বাইরে থাকেন
  - ধাতব বস্তু থেকে দূরে থাকুন
  - আপনি যদি ঝোপের মধ্যে থাকেন তবে ঘন ছোট ঝোপের নিচের অংশে ঝুঁকে থাকুন
  - খোলা জায়গায় লম্বা বস্তুর কাছাকাছি দাঁড়াবেন না
  - পাহাড়ের চূড়ায় বা খোলা জলাভূমিতে দাঁড়াবেন না
  - খোলা জায়গায় ছোট একক কোনো কাঠামোর কাছে দাঁড়াবেন না
  - চলাচল কম করুন কারণ এটি খুব পিচ্ছিল এবং কর্দমাক্ত হতে পারে
  - পানির স্রোত পরিহার করুন
  - ফ্ল্যাশ-ফ্লাডিং সম্ভাবনা সম্পর্কে সচেতন থাকুন - এবং পানির স্তর বাড়তে শুরু করলে উঁচু ভূমিতে চলে যান

— খোলা জায়গায় একাকী থাকলে এবং পিছনের চুল উপরের দিকে থাকে তবে বজ্রপাত আঘাত করতে পারে। আপনার হাঁটু নিচু করুন, সামনে বাঁকুন, আপনার উরুতে আপনার হাত রাখুন এবং মাটিতে শুয়ে পরবেন না

— মনে রাখবেন যে উচ্চ গতির বাতাস থাকা সম্ভব - অনুগ্রহ করে আরো তথ্যের জন্য হারিকেন বিভাগটি দেখুন

## হিমাঙ্কের তাপমাত্রা

হিমাঙ্কের তাপমাত্রার ক্ষেত্রে আপনি সাধারণত যে সমস্ত সতর্কতা অবলম্বন করেন (যেমন উপযুক্ত পোশাক পরা) অনুগ্রহ করে সেগুলি গ্রহণ করুন এবং ফ্লিম করার জন্য কোনো প্রকার ঝুঁকি নেবেন না।

- ঠান্ডা তাপমাত্রা আপনার ক্যামেরাকে বিরূপভাবে প্রভাবিত করতে পারে। গরম পরিবেশে আপনার ফোনটি নিয়ে আসার আগে বাইরের বাতাস শীতল হলে আপনার ফোনটি সিল করা প্লাস্টিকের ব্যাগের ভিতরে রাখুন। এটি সেগুলোকে ধীরে ধীরে উষ্ণ হতে দেয় এবং ঘনীভবন প্রতিরোধ করে;
- ঝড়ের ঝুঁকি থাকলে, স্থানীয় নির্দেশিকা অনুসরণ করুন - এবং উপরের নির্দেশিকা - এবং ফ্লিমিংয়ের জন্য কোনো ঝুঁকি নেবেন না

## প্রাণী এবং কৃষি নিয়ে ফ্লিমিং

- আপনি যদি প্রাণীদের উপস্থিতিতে তাদের ফ্লিমিং করে থাকেন আর তারা যদি আপনার অপরিচিত হয় তাহলে আপনার সীমা ছাড়িয়ে তাদের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ করতে যাবেন না
- আপনি যদি প্রাণীদের উপস্থিতিতে তাদের ফ্লিমিং করে থাকেন তাহলে তারা হুমকি মনে এমন কিছু করতে যাবেন না
- যানবাহন চালানো বা যন্ত্রপাতি পরিচালনা করার সময় ফ্লিম ধারণ করবেন না
- কৃষিকাজ বা কৃষিকাজের সাথে জড়িত সমস্ত সাধারণ স্যানিটারি, স্বাস্থ্য এবং সুরক্ষা নিয়মগুলি অনুসরণ করুন এবং ফ্লিমিংয়ের জন্য এগুলিকে বিপজ্জনক করে তুলবেন না। এর মধ্যে উপযুক্ত পোশাক এবং PPE পরা অন্তর্ভুক্ত করা রয়েছে
- আপনি যদি গর্ভবতী বা একজন নতুন মা হয়ে থাকেন বা স্তন্যপান করান, তাহলে আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি যে আপনি অবশ্যই যে সকল প্রাণী সাম্প্রতিক প্রসব করেছে বা নতুন জন্ম নেওয়া ফার্মের প্রাণীদের সাথে যোগাযোগ করা এড়িয়ে চলবেন। এই অবস্থার প্রাণীরা কিছু ব্যাকটেরিয়া বহন করতে পারে যা গর্ভবতী মহিলাদের এবং তাদের অনাগত শিশুদের জন্য খুব ক্ষতিকারক হতে পারে

## পেশাদার প্রথম প্রতিক্রিয়াকারী এবং অন্যান্য প্রশিক্ষিত পেশাদার / দুর্যোগ প্রতিক্রিয়ার সাথে সহায়তাকারী স্বেচ্ছাসেবক

- পূর্বোল্লিখিত আবহাওয়ার কোনো ইভেন্টে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় সে সম্পর্কে আপনার যদি হালনাগাদ পেশাদার প্রশিক্ষণ থাকে, তাহলে এই প্রশিক্ষণ এবং একজন প্রতিক্রিয়াকারী হিসাবে আপনার দায়িত্ব উপরের নির্দেশিকাকে ছাড়িয়ে যেতে পারে
- সব সময় আপনার এবং অন্যদের নিরাপত্তা নিশ্চিত করুন - যে কোনো ফ্লিমিং করার চেয়েও নিজেকে প্রাধান্য দিন

# যোগাযোগ করুন

আপনি মাই প্ল্যানেট নাও প্রোডাক্টশন দলের সাথে ইমেইলের
myplanetnow@sandpaperfilms.com
ঠিকানায় যোগাযোগ করতে পারেন অথবা হোয়াটসঅ্যাপের
+447536999749 নম্বরে টেক্সট বা বার্তা পাঠাতে পারেন

